

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গমের বস্তা লইয়া সংঘর্ষ

চৌমুহনী-সংবাদদাতা II শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর অধীনে বেগম-গঞ্জ থানাধীন একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বিলিকৃত গমের বস্তা বিক্রিকে কেন্দ্র করিয়া দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে ৮ জন আহত হয়। তন্মধ্যে গুরুতর অবস্থায় ৫ জনকে নোয়াখালী সদর হাসপাতালে ভর্তি করা হয়। জানা যায় বেগম-গঞ্জ থানাধীন আটবাড়ীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গত ২৬শে জুন শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম বিলি শেষে কিছুসংখ্যক বস্তা বিদ্যালয়ের জনৈক শিক্ষকের নির্ধারিত ব্যক্তির নিকট বিক্রি করাকে কেন্দ্র করিয়া স্থানীয় কিছু লোকজনের সাধে

(৪র্থ পৃ: প্রঃ)

শিক্ষার বিনিময়ে খাদ্য

(৩য় পৃ: পর)

কথা কাটাকাটির পর উহা সংঘর্ষের রূপ নেয়। পরে উক্ত শিক্ষকের ছেলে দলবল নিয়মিত দ্বিতীয় দফায় সংঘর্ষ ঘটায়। ইহাতে ৮ জন আহত হয়। তন্মধ্যে গুরুতর আহত ৫ জনকে নোয়াখালী সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এ ব্যাপারে বেগমগঞ্জ থানায় ১৫ জনকে আসামী করিয়া একটি মামলা দায়ের হয়।